**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 20-04.2026** **Desk in Charge : S.D.G.**
**Time : 7.35 AM** **Compile. : Sudip Basu**
**DEO : KB** **NRT : Sudip Basu**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোটের জন্য জোরদার প্রচারাভিযান চলেছে। **#**এই দফায় আগামী ২৩-শে এপ্রিল ১৫২-টি আসনে ভোট গ্রহণ।

**#**প্রথম দফার জন্য ভোটারদের প্রাথমিক সংখ্যা প্রকাশ করেছে কমিশন।

২/ অর্থ তছরূপ মামলায় ইডির হাতে গ্রেপ্তার বেহালার ঠিকাদার সংস্থার মালিক জয় কামদারকে আজ আদালতে তোলা হবে।

**#**কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার শান্তনু সিন্‌হা বিশ্বাসের বাড়িতে গতকাল দীর্ঘক্ষণ চলে তল্লাশি।

৩/ আজ প্রকাশিত হতে পারে, জয়েন্ট এন্ট্রান্স মেন পরীক্ষার দ্বিতীয় সেশনের রেজাল্ট।

৪/ গুয়াহাটিতে ISL ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট গতকাল, ১-০ গোলে নর্থ ইস্ট ইউনাইটেড এফসি-কে হারিয়ে দিয়েছে।

৫/ ইডেনে গতকাল কলকাতা নাইট রাইডার্স চার উইকেটে রাজস্থান রয়ালসকে হারিয়ে, এবারের IPL-এ তাদের প্রথম জয় পেয়েছে।

**********************************************************************

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফা ভোটের জন্য জোরদার প্রচারাভিযান চলেছে। এই দফায় আগামী ২৩-শে এপ্রিল ১৫২-টি আসনে ভোট নেওয়া হবে।

বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন, আজ পূর্ব মেদিনীপুরের মহিষাদলে একটি জনসভায় অংশ নেবেন। তিনি এগরা এবং কেশিয়ারিতে দুটি রোড শো করবেন।

বরিষ্ঠ বিজেপি নেতা, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ বীরভূমে দলিয় প্রার্থীদের সমর্থনে প্রচারে অংশ নেবেন। নানুরে রোড শো-এর পাশাপাশি, সাঁইথিয়াতে একটি জনসভা করবেন তিনি।

বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আগামীকাল রাজ্যে চারটি জনসভা করবেন। দার্জিলিং, পশ্চিম বর্ধমানের কুলটি, পশ্চিম মেদিনীপুরের শালবনী এবং পূর্ব মেদিনীপুরের চন্ডীপুরে চারটি সভা হওয়ার কথা। দক্ষিণ ২৪ পরগণার সোনারপুর দক্ষিণের প্রার্থীর সমর্থনে তিনি যাদবপুরে রোড শো করবেন।

গতকাল অন্যতম শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাঁকুড়ার বড়জোড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুরের নারায়ণগড়ে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করেন। সভা মঞ্চ থেকে তিনি অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেসের ষড়যন্ত্রেই সংসদে মহিলা সংরক্ষণ বিল পাশ করানো সম্ভব হয়নি। রাজ্যে শাসক দল আশ্রিত দুষ্কৃতীরা, চৌঠা মে-র পর ছাড় পাবেনা বলে শ্রী মোদী হুঁশিয়ারি দেন।

(বাইট – প্রধানমন্ত্রী/ চৌঠা মে )

বিজেপি নেতা কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা, কোচবিহারের শীতলকুচিতে জনসভা করেন। দুর্নীতি সহ বিভিন্ন ইস্যুতে তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে সরব হন তিনি।

******************************

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ খড়দায় দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় বক্তব্য রাখবেন। দলের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী আজ বলরামপুর, রানীবাঁধ ও চন্দ্রকোনায় জনসভা করবেন।

গতকাল মুখ্যমন্ত্রী হুগলীর তারকেশ্বর, পূর্ব বর্ধমানের কালনা ও মন্তেশ্বরে দলীর প্রার্থীর সমর্থনে প্রচারে যোগ দেন। মহিলা বিল নিয়ে কেন্দ্রীয় সরকারের পাল্টা

সমালোচনা করে তিনি বলেন, ২০২৩ সালে আইন পাশ হলেও এতদিন মহিলাদের সংরক্ষণ কেন বাস্তবায়িত হয়নি।

( বাইট – মমতা/ সংরক্ষণ বিল )

এদিকে, এদিকে, CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী অভিযোগ করেছেন, মহিলা সংরক্ষণ বিলের নামে সংসদীয় ব্যবস্থাকে ধ্বংস করার চেষ্টা চলছে।

( বাইট – সুজন )

CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম ও সম্পাদকমন্ডলীর সদস্য শতরূপ ঘোষ, গতকাল মুর্শিদাবাদের হরিহরপাড়ায় দলীয় প্রার্থীর সমর্থনে সাইকেল র‍্যালি করে।

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে আজ নির্বাচনী প্রচারে যোগ দিতে এরাজ্যে আসছেন। কোচবিহার এবং শিলিগুড়িতে জনসভা করবেন তিনি।

******************************

পশ্চিমবঙ্গে প্রথম দফা বিধানসভা নির্বাচনে মোট ৩'কোটি ৬০ লক্ষ ৭৭ হাজার ১৭১ জন ভোটার তাঁদের মতাধিকার প্রয়োগ করবেন।

এদের মধ্যে পুরুষ ভোটারের সংখ্যা- ১' কোটি ৮৬ লক্ষ ৯৯ হাজার ৪৯৬। মহিলা ভোটারের সংখ্যা- ১' কোটি ৭৫ লক্ষ ৭৭ হাজার ২১০ । তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ৪৬৫ জন। তবে, আগামী ২১ শে এপ্রিল ট্রাইবুনালের তরফে যোগ্য ভোটারদের তালিকা প্রকাশের পর এই সংখ্যা পরিবর্তির হতে পারে।

******************************

রাজ্যে প্রথম দফার বিধানসভা নির্বাচন সংক্রান্ত কাজকর্ম এবং ভোট প্রস্তুতি পর্যালোচনা করতে আজ মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের নেতৃত্বে এক প্রতিনিধি দল দু'দিনের জেলা সফরে যাচ্ছেন। নির্ধারিত সূচী অনুযায়ী, সকালে বায়ুসেনার হেলিকপ্টারে কলকাতা থেকে রওনা দিয়ে প্রথমে মালদায় পৌঁছবেন তাঁরা। সেখানে পরিস্থিতি পর্যালোচনার পর দুপুরে প্রতিনিধি দলটি উত্তর দিনাজপুর এবং বিকেল কোচবিহারে ভোটের প্রস্তুতি সরেজমিনে খতিয়ে দেখবেন। পরদিন, ২১শে এপ্রিল সকালে কোচবিহার থেকে পশ্চিম মেদিনীপুর যাবেন তিনি।

******************************

অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচনের জন্য কমিশনের দেওয়া প্রতিশ্রুতি অনুযায়ী কি ব্যবস্থা নেওয়া হয়েছে তা জানিয়ে ধৃতদের তালিকা প্রকাশের দাবি জানিয়েছে বামফ্রন্ট। ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী অধিকারিককে এই মর্মে চিঠি দিয়েছেন। ওই চিঠিতে রাজ্যের বিভিন্ন অঞ্চলে শাসক দলের দুষ্কৃতীদের হুমকির অভিযোগ করা হয়। অবিলম্বে ব্যবস্থা না নেওয়া হলে রাজ্যের অশান্তি ছড়িয়ে পড়তে পারে বলেও তিনি আশঙ্কা প্রকাশ করেছেন। চিঠির কপি মুখ্য নির্বাচন কমিশনার ও রাজ্যের বিশেষ পর্যবেক্ষককেও পাঠানো হয়েছে।

*****************************

প্রথম দফার বিধানসভা ভোটে যেকোন রকম অশান্তির দ্রুত মোকাবিলা করতে বিপুল সংখ্যক কুইক রেসপন্স টিম তৈরি করেছে নির্বাচন কমিশন। প্রথম দফার ১৫২টি বিধানসভা কেন্দ্রের জন্য মোট ২ হাজার ১৯৩টি দল মোতায়েন করা হচ্ছে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। কুইক রেসপন্স টিম মোতায়েনের ক্ষেত্রে অশান্তি প্রবণ ও সীমান্তবর্তী জেলাগুলিতে বিশেষ জোর দেওয়া হয়েছে। মুর্শিদাবাদ পুলিশ জেলাতে সর্বাধিক ২১৯ টি কুইক রেসপন্স টিম রাখা হয়েছে। তার পরেই রয়েছে পূর্ব মেদিনীপুর, যেখানে মোতায়েন হচ্ছে ২৫৩ টি টিম। পশ্চিম মেদিনীপুরেও থাকছে ২৪৮টি টিম। কোচবিহারে ১৩৩, আলিপুরদুয়ারে ৭০, জলপাইগুড়িতে ৮৩ এবং জলপাইগুড়ি পুলিশ জেলায় ৬৯টি টিম রাখা হয়েছে।

বাঁকুড়ায় ১৮০, পুরুলিয়ায় ১৩৯ এবং পশ্চিম মেদিনীপুরে ২৪৮টি টিম থাকবে। ভোটের দিন যে কোনও অপ্রীতিকর পরিস্থিতিতে দ্রুত হস্তক্ষেপ করতেই এই বিশেষ বাহিনী মোতায়েন করা হচ্ছে। কমিশন সূত্রে খবর, কন্ট্রোল রুমের সঙ্গে সরাসরি যোগাযোগ রেখে এই টিমগুলি কাজ করবে।

*****************************

পূর্ব বর্ধমানের শক্তিগড় উত্তর বাজার এলাকায় বর্ধমান উত্তর বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থীর প্রচারে বাধা দান ও মারধোরের ঘটনায় ৬'জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এরা সকলেই সক্রিয় তৃণমূল কংগ্রেস কর্মী বলে জানা গেছে। গতকাল তাদের আদালতে তোলা হলে ২৪শে এপ্রিল পর্যন্ত তাদের বিচার বিভাগীয় হেফাজত হয়েছে।

*****************************

পুলিশ কর্মী সহ নির্বাচনের কাজে যুক্ত একাধিক কর্মী এখনও পোস্টাল ব্যালট হাতে না পাওয়ায় তারা ভোটদান করতে পারেননি বলে অভিযোগ জানিয়ে সরকারি কর্মচারীদের যৌথ সংগঠন-সংগ্রামী যৌথ মঞ্চ রাজ্য পুলিশের ডিজিকে চিঠি দিয়েছে।
গোপনীয়তা বিপন্ন হওয়ার ভয়ে অনেকে নির্দিষ্ট ফর্ম পূরণ করেননি বলেও চিঠিতে উল্লেখ করা হয়েছে। তাঁদের ভোটদান সুনিশ্চিত করতে যাবতীয় পদক্ষেপ নেওয়ার জন্য পুলিশ প্রশাসননের কাছে আবেদন জানানো হয়েছে ।

*****************************

অর্থ তছরূপ মামলায় ইডির হাতে গ্রেপ্তার বেহালার ঠিকাদার সংস্থার মালিক জয় কামদারকে আজ আদালতে তোলা হবে। গতকাল সিজিও কমপ্লেক্সে জিজ্ঞাসাবাদ ও গ্রেপ্তারের পর মেডিক্যাল টেস্টের জন্য নিয়ে যাওয়া হলে ওই ব্যক্তি অসুস্থ বোধ করেন। RG KAR হাসপাতালে ভর্তি করা হয় তাকে। গোলপার্কে নির্মাণ ব্যবসার দখল নিয়ে গুলি চালনার ঘটনায় অভিযুক্ত বিশ্বজিৎ পোদ্দার ওরফে সোনা পাপ্পুর ঘনিষ্ঠ হলো এই ব্যবসায়ী জয়। চলতি মাসে নিউ আলিপুরে তার বাড়িতে তল্লাশি চালিয়ে এক কোটি টাকার'ও বেশী নগদ অর্থ উদ্ধার হয়।

এদিকে, কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার শান্তনু সিন্‌হা বিশ্বাসের বালিগঞ্জের ফার্ন রোডের বাড়িতে গতকাল দীর্ঘক্ষণ তল্লাশি চালান ইডি আধিকারিকরা। তাঁর ছেলেকে সিজিও কমপ্লেক্সে নিয়ে গিয়ে জেরা করা হয়। শান্তনু কোথায়, সে সম্পর্কেও পরিবারের সদস্যদের জিগাসাবাদ করা হয়েছে। বাজেয়াপ্ত হয়েছে বেশ কিছু নথি।

উল্লেখ্য, শান্তনু সিন্‌হা সরকার দীর্ঘদিন কালীঘাট থানার দায়িত্বে ছিলেন।

*****************************

আর্থিক দুর্নীতি মামলার তদন্তে তৃণমূল কংগ্রেসের পরামর্শদাতা সংস্থা- আইপ্যাকের ডিরেক্টার ঋষিরাজ সিং-কে আজ জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে এনফোর্সমেন্ট নির্দেশালয়- ইডি। এর আগে ইডি ওই একই মামলায় সংস্থার অন্যতম প্রতিষ্ঠাতা বিনেশ চান্ডেলকে গ্রেপ্তার করে।

উল্লেখ্য, এরাজ্যে আইপ্যাকে তাদের কাজকর্ম আপাতত বন্ধ রাখছে, এমন একটি খবরকে তৃণমূল কংগ্রেস ভুয়ো বলে দাবী করেছে। দলের তরফে বলা হয়েছে, আইপ্যাকের পশ্চিমবঙ্গ শাখা তৃণমূল কংগ্রেসের সঙ্গেই রাজ্য জুড়ে নির্বাচনী প্রচার ও অন্যান্য কাজ করছে। যদিও এই বিষয়ে আইপ্যাকের তরফে কোনো বিবৃতি মেলেনি।

এদিকে, অনৈতিক কাজকর্মের জন্য আইপ্যাক ভয় পেয়েছে বলে বিজেপি নেতা সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু মন্তব্য করেছেন।

অন্যদিকে, আইপ্যাকের নাম না করে গতকাল মুখ্যমন্ত্রী বলেন, ভয় দেখিয়ে তার দলের সহযোগী সংস্থার কর্মীদের কাজে বাধা সৃষ্টি করা হলেও, এই ষড়যন্ত্র বিফলে যাবে।

******************************

কলকাতার ভবানীপুরে তৃণমূল কংগ্রেস কাউন্সিলারের, স্থানীয় একটি আশ্রমে ঢুকে হুমকির অভিযোগ তুলে গতকাল সাধু সন্তরা প্রতিবাদ মিছিল বের করেন। বালিগঞ্জ থেকে ভবানীপুর থানা পর্যন্ত যায় মিছিল।

উল্লেখ্য, সম্প্রতি যদুবাবুর বাজারে ভোলাগিরি আশ্রমে ঢুকে সাধু সন্ন্যাসীদের মারধোর ও হুমকি দেবার অভিযোগ ওঠে ৭০ নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস কাউন্সিলার অসীম বোস ও তাঁর সঙ্গীদের বিরুদ্ধে। যদিও অভিযোগ অস্বীকার করেছেন কাউন্সিলার।

******************************

জয়েন্ট এন্ট্রান্স মেন পরীক্ষার দ্বিতীয় সেশনের রেজাল্ট আজ প্রকাশ হতে পারে। প্রথম পত্রের B.E এবং B.Tech-এর ফল প্রকাশ করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। গত দুই থেকে ৮ই এপ্রিল পর্যন্ত পরীক্ষা চলে। ১১ লক্ষের বেশি পরীক্ষার্থী এই পরীক্ষা দিয়েছিলেন। ন্যাশনাল টেস্টিং এজেন্সি আগেই জানিয়েছিল যে বিশে এপ্রিলের মধ্যে পরীক্ষার রেজাল্ট প্রকাশিত হবে। প্রথম ও দ্বিতীয় সেশনের পরীক্ষার প্রাপ্ত নম্বর মিলিয়ে ফল প্রকাশ করা হবে।

******************************

গুয়াহাটিতে ISL ফুটবলের বৃষ্টি বিঘ্নিত ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট গতকাল ১-০ গোলে নর্থ ইস্ট ইউনাইটেড এফসি-কে হারিয়ে দিয়েছে। খেলার পাঁচ মিনিটে রবসন রবিনহো একমাত্র গোলটি করেছেন।

****************************

IPL ক্রিকেটে গতকাল ইডেন গার্ডেনসে কলকাতা নাইট রাইডার্স, চার উইকেটে রাজস্থান রয়্যালসকে হারিয়ে, এবারের IPL-এ তাদের প্রথম জয় পেয়েছে।

রাজস্থান টসে জিতে প্রথমে ব্যাট করে ২০ ওভারে ৯ উইকেটে ১৫৫ রান তোলে। রান তাড়া করতে নেমে কেকেআর ৬ উইকেট হারিয়ে দুই বল বাকি থাকতে লক্ষ্যে পৌঁছে যায়।

আজ গুজরাত টাইটান্স, মুম্বই ইন্ডিয়ান্সের মুখোমুখি হবে। আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়।

******************************************************************